সিনিয়র সিস্টেম এনালিষ্ট
- সিস্টেম এনালিষ্ট/ সিনিয়র প্রোগ্রামার
- প্রোগ্রামার
- মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
- সঃমেঃ ই-১/ সঃমেঃই-২
- নথি

ডাইরি নং ৫৫৭

তারিখ ৩১.৩.২৬

স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশাসন শাখা
www.rthd.gov.bd

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০০০.০০৮.১৬.০০০৩.২০-৪৩০ তারিখ: ১৬ চৈত্র ১৪৩২ / ৩০ মার্চ ২০২৬

বিষয় : বর্তমান বৈশ্বিক জ্বালানি পরিস্থিতির প্রেক্ষাপটে জ্বালানি সাশ্রয় সংক্রান্ত নির্দেশনা এবং সরকারি অফিস ভবনে বিদ্যুৎ ও জ্বালানির দক্ষ ব্যবহার সংক্রান্ত সমন্বিত গাইডলাইন অনুসরণ সংক্রান্ত

সূত্র : ১) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০০০.০২৬.৯৯.০০০১.১৭.৮২, তারিখ: ০৫ মার্চ ২০২৬;
২) বিদ্যুৎ বিভাগের স্মারক নম্বর: ২৭.০০.০০০০.০০০.০৫২.০৭.০০০১.২২.১৭৬, তারিখ: ০৮ মার্চ ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে বর্তমান বৈশ্বিক জ্বালানি পরিস্থিতির প্রেক্ষাপটে জ্বালানি সাশ্রয় সংক্রান্ত নির্দেশনা এবং সরকারি অফিস ভবনে বিদ্যুৎ ও জ্বালানির দক্ষ ব্যবহার সংক্রান্ত সমন্বিত গাইডলাইন অনুসরণ সংক্রান্ত পত্রের ছায়ালিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

স্বাক্ষরিত
৩০.০৩.২০২৬
অজিত দেব
সিনিয়র সহকারী সচিব
ফোন: ২২৩৩৮৫৩২৩
ই-মেইল: adm.sec@rthd.gov.bd

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০০০.০০৮.১৬.০০০৩.২০-৪৩০ তারিখ: ১৬ চৈত্র ১৪৩২ / ৩০ মার্চ ২০২৬

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০২. চেয়ারম্যান, বিআরটিসি, পরিবহন ভবন, রাজউক এভিনিউ, ঢাকা
০৩. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা
০৪. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, ডিটিসিএ ভবন, তেজগাঁও, ঢাকা
০৫. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৬. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল), মেট্রোরেল ভবন, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা
০৭. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানি লিমিটেড, বাড়ী-০৪, রোড-২১, সেক্টর-০৪, উত্তরা, ঢাকা
০৮. যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৯. উপসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০. মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয় এবং নৌপরিবহন মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
১১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয় এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
১২. সিনিয়র সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৩. সচিব এর একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৫. সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৬. সহকারী সচিব (সকল)/প্রোগ্রামার/মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/সহকারী প্রোগ্রামার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৭. হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৮. প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা (সকল)/সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৯. অফিস কপি

৩০/০৩/২০২৬
অজিত দেব
সিনিয়র সহকারী সচিব

E:\Doc\Letter\Forwarding.doc

CamScanner

ডি-নথি হতে প্রাপ্ত

প্রশাসন অধিশাখা
কাউন্সিল অফিসার
প্রশাসন শাখা
বিআরটিসি শাখা
তদন্ত ও শৃঙ্খলা শাখা
ডাইরী নং ৪৩১৫
তারিখ: ১৫-০৬-২৫
স্বাক্ষর

সচিবের দপ্তর
অতিরিক্ত সচিব অনুবিভাগ
প্রশাসন অনুবিভাগ
উন্নয়ন অনুবিভাগ
এস্টেট অনুবিভাগ
বাজেট অনুবিভাগ
পরিকল্পনা অনুবিভাগ
আরবান ট্রান্সপোর্ট অনুবিভাগ
আইন অনুবিভাগ
একান্ত সচিব
ডাইরী নম্বর: ২২৬৩
তারিখ: 09 MAR 2026
স্বাক্ষর:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
অপারেশন-১ শাখা
www.emrd.gov.bd

নম্বর: ২৮.০০.০০০০.০০০.০২৬.৯৯.০০০১.১৭.৮২

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৫ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি

**বিষয়: বর্তমান বৈশ্বিক জ্বালানি পরিস্থিতির প্রেক্ষাপটে জ্বালানি সাশ্রয় সংক্রান্ত নির্দেশনা।**

মধ্যপ্রাচ্যে চলমান ভূরাজনৈতিক পরিস্থিতির ফলে আন্তর্জাতিক জ্বালানি সরবরাহ ব্যবস্থায় বিঘ্ন সৃষ্টির সম্ভাবনা তৈরি হওয়ার প্রেক্ষাপটে জাতীয় জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ এবং জ্বালানি সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে সরকার কতিপয় আগাম সতর্কতামূলক পদক্ষেপ গ্রহণের প্রয়োজনীয়তা অনুভব করছে। এ পরিপ্রেক্ষিতে সকল সরকারি প্রতিষ্ঠান, স্বায়ত্তশাসিত সংস্থা, বেসরকারি প্রতিষ্ঠান, বাণিজ্যিক স্থাপনা এবং দেশের সকল সচেতন নাগরিককে নিম্নোক্ত জ্বালানি সাশ্রয়মূলক ব্যবস্থা অবিলম্বে গ্রহণের জন্য অনুরোধ করা হলো:

**ক) প্রাকৃতিক গ্যাস সাশ্রয়**

- রান্না ও অন্যান্য কাজে গ্যাস ব্যবহারে সর্বোচ্চ সাশ্রয়ের জন্য উপযুক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে;
- গ্যাসচালিত যন্ত্রপাতির অপ্রয়োজনীয় ব্যবহার পরিহার করতে হবে;
- গ্যাস পাইপলাইন ও বার্নার নিয়মিত পরীক্ষা করে গ্যাসের লিকেজজনিত অপচয় রোধ করতে হবে;
- অবৈধভাবে গ্যাস ব্যবহার থেকে সকলকে বিরত থাকতে হবে।

**খ) জ্বালানি তেল সাশ্রয়**

- ব্যক্তিগত যানবাহনের পরিবর্তে গণপরিবহন ব্যবহার এবং সম্ভব হলে শেয়ারিং (কার-পুলিং) ব্যবস্থা অবলম্বনকে উৎসাহিত করতে হবে;
- জ্বালানি তেলের ব্যবহার কমাতে অপ্রয়োজনীয় যাতায়াত যথাসম্ভব সীমিত/পরিহার করতে হবে।

**গ) প্রাতিষ্ঠানিক ব্যবস্থা গ্রহণ**

- সকল সরকারি দপ্তর ও প্রতিষ্ঠানে অফিস চলাকালীন এবং অফিস-পরবর্তী সময়ে জ্বালানি সাশ্রয় নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- বাণিজ্যিক প্রতিষ্ঠানসমূহকে জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী পদক্ষেপ গ্রহণ করতে হবে। অতিরিক্ত জ্বালানির ব্যবহার পরিহার করতে হবে।

২। সংশ্লিষ্ট সকলকে উপর্যুক্ত নির্দেশনা বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো। জাতীয় জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে সকলের সহযোগিতা কামনা করা যাচ্ছে।

অতিরিক্ত সচিব (প্রশাসন) অনুবিভাগ
প্রশাসন অধিশাখা
আইসিটি অধিশাখা
ডাইরী নং: ৫৫৫
তারিখ: ২৫/০৬/২৫
স্বাক্ষর:

প্রশাসন শাখা
ডাইরী নম্বর: ৯০৪
তারিখ: ২৯-০৬-২৬

CamScanner

০৫-০৩-২০২৬
মোঃ এনামুল হক
সিনিয়র সহকারী সচিব
ইমেইল : opsec1@emrd.gov.bd

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। সিনিয়র সচিব/সচিব (সকল)।
৪। বিভাগীয় কমিশনার (সকল)।
৫। অতিরিক্ত সচিব (সকল), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৬। চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।
৭। চেয়ারম্যান, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৮। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব ), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৯। মহাপরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।
১০। সচিব, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন।
১১। যুগ্মসচিব (অপারেশন অনুবিভাগ), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১২। যুগ্মসচিব, উন্নয়ন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১৩। মহাপরিচালক (যুগ্মসচিব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)।
১৪। মহাপরিচালক (যুগ্মসচিব), হাইড্রোকার্বন ইউনিট।
১৫। প্রধান বিস্ফোরক পরিদর্শক, বিস্ফোরক পরিদপ্তর।
১৬। জেলা প্রশাসক (সকল)।
১৭। ব্যবস্থাপনা পরিচালক, পদ্মা অয়েল পিএলসি।
১৮। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব ), মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড।
১৯। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব ), যমুনা অয়েল কোম্পানী লিমিটেড।
২০। ব্যবস্থাপনা পরিচালক, এলপি গ্যাস লিমিটেড।
২১। ব্যবস্থাপনা পরিচালক, ইস্টার্ণ রিফাইনারী পিএলসি।
২২। ব্যবস্থাপনা পরিচালক, ইস্টার্ন লুব্রিকেন্টস ব্লেন্ডার্স পিএলসি।
২৩। প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও), স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানী লিমিটেড।
২৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
২৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।
২৬। ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড।
২৭। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব ), গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)।
২৮। ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি।
২৯। ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
৩০। ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড।
৩১। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব ), পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
৩২। ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
৩৩। ব্যবস্থাপনা পরিচালক, সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড।
৩৪। ব্যবস্থাপনা পরিচালক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড।
৩৫। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব ), বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল) এবং
৩৬। ব্যবস্থাপনা পরিচালক, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
সমন্বয়-২ শাখা
www.powerdivision.gov.bd

স্মারক নং : ২৭.০০.০০০০.০০০.০৫২.০৭.০০০১.২২.১৭৬ | তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩২ / ০৮ মার্চ ২০২৬

**বিষয় : সরকারি অফিস ভবনে বিদ্যুৎ ও জ্বালানির দক্ষ ব্যবহার সংক্রান্ত সমন্বিত গাইডলাইন অনুসরণ**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বর্তমান সময়ে বৈশ্বিক সংকট মোকাবিলায় বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যে "সরকারি অফিস ভবনে বিদ্যুৎ ও জ্বালানির দক্ষ ব্যবহার সংক্রান্ত সমন্বিত গাইডলাইন" অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তি: বর্ণনামতে।**

০৮.০৩.২০২৬

মো: মামুন ভূঁইয়া
উপসচিব
ফোন : ০২-৪৭১২০৩০৮
ইমেইল : coord-2@pd.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)
মন্ত্রণালয়/বিভাগ

**কার্যার্থে বিতরণ : জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়**

১। অতিরিক্ত সচিব (সমন্বয়), বিদ্যুৎ বিভাগ;
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য) এবং
৪। সচিবের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

সচিবের দপ্তর
অতিরিক্ত সচিব অনুবিভাগ
প্রশাসন অনুবিভাগ
উন্নয়ন অনুবিভাগ
এস্টেট অনুবিভাগ
বাজেট অনুবিভাগ
পরিকল্পনা অনুবিভাগ
আরবান ট্রান্সপোর্ট অনুবিভাগ
মাইন অনুবিভাগ
একান্ত সচিব
ডাইরী নম্বর: ২২৬৪
তারিখ: 09 MAR 2026
স্বাক্ষর:

প্রশাসন অধিশাখা
কাউন্সিল অফিসার
প্রশাসন শাখা
বিআরটিসি শাখা
তদন্ত ও শৃঙ্খলা শাখা
ডাইরী নং: ৪১২
তারিখ: ১৫.০৩.২৬
স্বাক্ষর

অতিরিক্ত সচিব (প্রশাসন) অনুবিভাগ
প্রশাসন অধিশাখা
আইসিটি অধিশাখা
ডাইরী নং: ৩৫৫
তারিখ: ১৫/০৩/২৬
স্বাক্ষর:

প্রশাসন শাখা
ডাইরী নম্বর: ৯০৩
তারিখ: ২৯-০৩-২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
www.powerdivision.gov.bd

## “বিদ্যুৎ সাশ্রয়ের অঙ্গীকার, আলোকিত হোক সকল পরিবার”

### সরকারি অফিস ভবনে বিদ্যুৎ ও জ্বালানির দক্ষ ব্যবহার সংক্রান্ত সমন্বিত গাইডলাইন

| ক্রমিক নং | বিদ্যুৎ/জ্বালানি ব্যবহারের ক্ষেত্রসমূহ | জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রমসমূহ | |
|---|---|---|---|
| ১ | লাইটিং | ক) | জ্বালানি দক্ষ লাইটিং সিস্টেম ব্যবহার করা, যথা: Incandescent বা CFL লাইটের পরিবর্তে অধিকতর জ্বালানি সাশ্রয়ী LED লাইট ব্যবহার করা। |
| | | খ) | লাইটিং সিস্টেমে Fixure/Casing/Reflector ব্যবহার করার ক্ষেত্রে High Reflection Coefficient এর রং ব্যবহার করা, এতে আলোর উজ্জ্বলতা (Luminosity) বৃদ্ধি পায়। |
| | | গ) | কমন স্পেস যেমন: সিঁড়ি/ওয়াশ রুম/ ওয়েটিং রুম/ করিডোর ইত্যাদিতে Motion Sensor নির্ভর লাইটিং সিস্টেম ব্যবহার করা, এতে বিদ্যুতের অপ্রয়োজনীয় ব্যবহার রোধ করা যায়। |
| | | ঘ) | Bangladesh National Building Code (BNBC) এ উল্লিখিত কার্যক্রমভিত্তিক নির্ধারিত মাত্রার উজ্জ্বলতা (LUX Level) বজায় রাখা। |
| | | ঙ) | বৈদ্যুতিক বাল্বের উপরিভাগে ধুলাবালি জমলে এর উজ্জ্বলতা কমে যায় বিধায় বাল্বসহ লাইটিং সিস্টেম নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখা। |
| | | চ) | অফিসের ডেস্কে নির্ধারিত উজ্জ্বলতা (LUX level) বজায় রাখতে টাস্ক লাইটিং (Task Lighting) সিস্টেম ব্যবহার করা। |
| | | ছ) | দিনের আলোর (Day Lighting) সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা । |
| | | জ) | কাজের ধরণ বিবেচনায় প্রযোজ্য লাইটিং লোড নির্বাচন করা। |
| | | ঝ) | অপ্রয়োজনে লাইটের ব্যবহার পরিহার করা। |
| ২ | শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র | ক) | শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের Set Temperature, ২৫°C বা এর উপরে রাখা। |
| | | খ) | শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ব্যবহারের সময় তাপনিরোধক ভাবে কক্ষের দরজা, জানালা বন্ধ রাখা । |
| | | গ) | তাপপ্রবাহ রোধে জানালায় Double Glazed/ Low Emission Glass/ পর্দা ব্যবহার করা। |
| | | ঘ) | শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের ফিল্টার মাসে কমপক্ষে একবার পরিষ্কার করা। |
| | | ঙ) | শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র প্রতি বছর কমপক্ষে একবার সার্ভিসিং করা। |

অ: পৃ: দ্র:

CamScanner

| ক্রমিক নং | বিদ্যুৎ/জ্বালানি ব্যবহারের ক্ষেত্রসমূহ | | জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রমসমূহ |
|---|---|---|---|
| | | চ) | পাইপলাইন বা Duct এর তাপ নিরোধক ইনসুলেশন ব্যবস্থা বছরে কমপক্ষে একবার এবং leakage প্রতি মাসে কমপক্ষে একবার পরীক্ষা করা। |
| | | ছ) | উচ্চতর Energy Efficiency Ratio (EER)/ Coefficient of Performance (COP) এর জ্বালানি দক্ষ Inverter Technology সম্বলিত শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ব্যবহার করা। পর্যায়ক্রমে অকেজো ঘোষিত শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের বিপরীতে ও নতুন ক্রয়ের ক্ষেত্রে উচ্চতর EER/COP সমৃদ্ধ শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ক্রয় করা যেতে পারে। |
| | | জ) | অপ্রয়োজনে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র বন্ধ রাখা। |
| ৩. | রেফ্রিজারেটর | | জ্বালানি দক্ষ Inverter Technology সম্বলিত রেফ্রিজারেটর ব্যবহার করা। |
| ৪ | ফ্যান | ক) | বাজারে প্রাপ্যতা সাপেক্ষে জ্বালানি সাশ্রয়ী (যেমন: BLDC ফ্যান) এবং উচ্চতর সার্ভিস ভ্যালুর ($m^3$/min/W) ফ্যান ব্যবহার করা। |
| | | খ) | অপ্রয়োজনে ফ্যান বন্ধ রাখা। |
| ৫ | প্লাগ লোড | ক) | Idle অবস্থায় ডেস্কটপ কম্পিউটার/ ল্যাপটপ সমূহ Power Saving Mode এ রাখা। |
| | | খ) | ডেস্ক ভিত্তিক প্রিন্টার, ফটোকপিয়ার এবং স্ক্যানার ব্যবহারের পরিবর্তে কেন্দ্রীয়ভাবে নেটওয়ার্ক সংযোগের মাধ্যমে স্বল্প সংখ্যক যন্ত্রপাতি ব্যবহারকে উৎসাহিত করা। |
| | | গ) | ব্যক্তি পর্যায়ে মাইক্রোওয়েভ ওভেন ব্যবহারের পরিবর্তে গ্রুপভিত্তিক ব্যবহারকে উৎসাহিত করা। |
| | | ঘ) | অপ্রয়োজনে যন্ত্রপাতি বন্ধ রাখা। |
| ৬ | নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার | | জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম গ্রহণের পাশাপাশি নিজস্ব বিদ্যুৎ চাহিদার সম্পূর্ণ/আংশিক (BNBC অনুযায়ী বিদ্যুৎ চাহিদার ন্যূনতম ৩%) সরবরাহের লক্ষ্যে অফিস ভবনের রুফটপে অথবা অফিস প্রাঙ্গণের ফাঁকা জায়গায় নবায়নযোগ্য জ্বালানির উৎস (যেমন: সৌর শক্তি) থেকে বিদ্যুৎ উৎপাদনের উদ্যোগ গ্রহণ করা। এক্ষেত্রে স্রেডা কর্তৃক প্রণীত নেট মিটারিং গাইডলাইন অনুসরণ করা যেতে পারে। |
| ৭ | অন্যান্য | | ভবনে বিদ্যুৎ ও জ্বালানির ব্যবহার সর্বদা তদারকির জন্য IoT Based Building Energy Management System (BEMS) চালুকরণে উৎসাহ প্রদান। |

**বিদ্যুৎ সাশ্রয়ে উল্লিখিত কার্যক্রমসমূহ প্রতিপালন করুন এবং দেশের মূল্যবান জাতীয় সম্পদ সংরক্ষণে দায়িত্বশীল ও গৌরবময় ভূমিকা রাখুন।**

CamScanner